সমুখে শান্তিপারাবার—
ভাসাও তরণী হে কর্ণধার।
তুমি হবে চিরসাথি,  লও লও হে ক্রোড় পাতি—
অসীমের পথে জ্বলিবে জ্যোতি ধ্রুবতারকার ॥
মুক্তিদাতা, তোমার ক্ষমা তোমার দয়া
হবে চিরপাথেয় চিরযাত্রার।
হয় যেন মর্তের বন্ধনক্ষয়,  বিরাট বিশ্ব বাহু মেলি লয়—
পায় অন্তরে নির্ভয় পরিচয় মহা-অজানার ॥

Parjaay: Anushthanik, Taal: Kaharwa, Raag: Mishra-Purvi

Visit www.geetabitan.com for notation and other detail